# AKASHVANI(AIR)

## RNU: KOLKATA

### Bengali Text Bulletin

**02-05-2026** **Time: 1.30 PM**

<u>বিশেষ বিশেষ খবর –</u>

১) ভোটগণনার জন্য শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলায় হাইকোর্টের রায়ে হস্তক্ষেপ করলো না সুপ্রীম কোর্ট।

২) দুপুর ১১ টা পর্যন্ত পাওয়া খবর অনুযায়ী পশ্চিমবঙ্গ-এর মগরাহাট পশ্চিম বিধানসভা আসনের ১১টি বুথে ৩৮ শতাংশের বেশি এবং ডায়মন্ড হারবারের চারটি বুথে ৩৫ শতাংশের বেশি ভোট পড়েছে। দুই কেন্দ্রেই শান্তিপূর্ণভাবে নির্বাচন হচ্ছে।

৩) ২০২৭ সালের জনগণনার অঙ্গ হিসাবে অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, হরিয়ানা, মধ্যপ্রদেশ, ছত্তিশগড় এবং কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়ে হাউসলিস্টিং বা গৃহ তালিকাভুক্তির কাজ শুরু হয়েছে।

৪) লোকসভার অধ্যক্ষ চারটি সংসদীয় কমিটির পুনর্গঠন করেছেন।

৫) রাষ্ট্রসংঘের নির্যাতন বিরোধী কমিটি United Nations Committee against Torture শিশুসহ আফগান শরণার্থীদের পাকিস্তান থেকে বিপুল সংখ্যায় নির্বাসনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

৬) AFC অনূর্ধ্ব-১৭ এশিয়ান কাপ ফুটবলে ভারতের মহিলা দল আজ অস্ট্রেলিয়ার বিরুদ্ধে খেলবে।

-----------------------------------------------------------------------------------------

ভোটগণনা কেন্দ্রে কাউন্টিং সুপারভাইজার হিসেবে শুধুমাত্র কেন্দ্রীয় সরকারি কর্মীদের নিয়োগের বিরুদ্ধে তৃণমূল কংগ্রেসের দায়ের করা মামলায় কমিশনের নির্দেশিকাকেই মান্যতা দিল সুপ্রীম কোর্ট। এর আগে কলকাতা হাইকোর্টেও মামলাটি খারিজ হয়ে গিয়েছিল। তার বিরুদ্ধে গতরাতে সুপ্রিম কোর্টের দ্বারস্থ হয়ে তৃণমূল কংগ্রেস জরুরী ভিত্তিতে শুনানির আবেদন জানায়। আজ শীর্ষ আদালতের ছুটি থাকলেও এই মামলার জন্যই বিশেষ বেঞ্চ গঠন করা হয়েছিল।

শুনানিতে দুই বিচারপতি পি এস নরসিনহা ও জয়মাল্য বাগচির বেঞ্চ জানিয়েছে, নির্বাচন কমিশনের জারি করা নির্দেশ যথাযথভাবে পালন করতে হবে। বিচারপতি জয়মাল্য বাগচি বলেন, কাউন্টিং এজেন্ট হিসাবে কাদের নিযুক্ত করা হবে, তা সম্পূর্ণভাবে নির্বাচন কমিশনের সিদ্ধান্ত। প্রতিটি টেবিলে কাউন্টিং এজেন্টের পাশাপাশি কাউন্টিং সুপারভাইজার ও একজন মাইক্রো অবজার্ভার থাকার কথা। তার মধ্যে কেন্দ্র বা রাজ্য যেকোনো সরকারের কর্মীই থাকতে পারেন। সুতরাং গণনা কর্মী নিয়োগ নিয়ে আপাতত কোনো অতিরিক্ত নির্দেশের প্রয়োজন নেই। কমিশনের সিদ্ধান্তে হস্তক্ষেপ করতেও অস্বীকার করেছে সর্বোচ্চ আদালত।

------------------------

দক্ষিণ ২৪ পরগনার দুই বিধানসভা কেন্দ্রের ১৫টি বুথে ভোট গ্রহণ চলছে। সকাল **১১টা পর্যন্ত** মগরাহাট পশ্চিমে- ৩৮ দশমিক ২ এবং ডায়মন্ড হারবারে ৩৫ দশমিক ৯/২ শতাংশ ভোট পড়েছে। গড়ে ভোট পড়ার হার- ৩৬ দশমিক ৯/৯ শতাংশ। আগেই জানানো হয়েছে নির্বাচন কমিশনের নির্দেশে, মগরাহাট

পশ্চিমের ১১ টি, এবং ডায়মন্ড হারবারে ৪টি বুথে ফের ভোট নেওয়া হচ্ছে। চলবে সন্ধ্যা ৬টা পর্যন্ত। এখনো পর্যন্ত কোথাও থেকে কোনো অপ্রীতিকর ঘটনার খবর নেই। মোটের উপর শান্তিপূর্ণ পরিস্থিতি। পুনর্নির্বাচনেও তৎপর কেন্দ্রীয় বাহিনী এবং রাজ্য পুলিশ। বুথের সামনে কোনও জমায়েত করতে দেওয়া হচ্ছে না। এলাকায় জওয়ানেরা টহল দিচ্ছেন।

উল্লেখ্য, নির্বাচন কমিশন গত সন্ধ্যায় রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিককে চিঠি দিয়ে ফের ভোট গ্রহণের নির্দেশ দেয়। গত ২৯ শে এপ্রিল দ্বিতীয় দফা ভোটের সময়ে এইসব কেন্দ্রগুলি থেকে অশান্তি এবং নির্বাচনী প্রক্রিয়ায় বিঘ্ন ঘটানোর খবর আসে। এর প্রেক্ষিতে সংশ্লিষ্ট রিটার্নিং অফিসার এবং পর্যবেক্ষকরা রাজ্যের মুখ্য নির্বাচনী আধিকারিকের দপ্তরে রিপোর্ট পাঠান।

------------------------

আগামী **চৌঠা মে** সোমবার, বিধানসভা নির্বাচনের ভোটগণনার দিন আকাশবাণী কলকাতার সংবাদ বিভাগ **সকাল ১০টা থেকে বিকেল চারটে** পর্যন্ত গীতাঞ্জলি প্রচার তরঙ্গে বিশেষ নির্বাচনী অনুষ্ঠান "জনমত ২০২৬" সম্প্রচার করবে। এর দ্বিতীয় পর্ব শোনা যাবে **রাত আটটা পাঁচ থেকে ন'টা** পর্যন্ত।

নির্বাচনী সংবাদের পাশাপাশি এতে থাকবে ভোটগণনার গতিপ্রকৃতি, ফলাফল বিশ্লেষণ ও রাজনৈতিক ব্যক্তিত্বদের মতামত।

আকাশবাণী শিলিগুড়ি, শান্তিনিকেতন ও মুর্শিদাবাদ কেন্দ্র দুটি পর্বই রিলে করবে। এছাড়া DTH পরিষেবা, ফেসবুক পেজ আকাশবাণী সংবাদ কলকাতা এবং ইউ টিউব চ্যানেল RNU-কলকাতা সোশ্যাল মিডিয়াতেও "জনমত ২০২৬ "শোনা যাবে।

------------------------

কিংবদন্তি চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের আজ জন্মদিন।

**ইনসার্ট-**

চলচ্চিত্র সমালোচনার প্রত্যুত্তরে একাধিকবার নানা আলোচনায় তিনি বলেছেন, সাহিত্য নাটক চিত্রকলা সংগীত ইত্যাদির প্রভাব সত্ত্বেও চলচ্চিত্র শিল্প নিজস্ব বৈশিষ্ট্যে ভাস্বর এবং এই শিল্পের গুনাগুন বিচারে এক বিশেষ ধরনের সমঝদারির প্রয়োজন।তাই ভোটমুখী বাংলায় সমস্ত রাজনৈতিক দল ও রাজ্যবাসীর একটি বড় অংশ মেতে থাকলেও মহান ও কিংবদন্তি চলচ্চিত্রকার সত্যজিৎ রায়ের জন্মদিন কে স্মরণে রেখে বেশ কিছু সংগঠন নানা অনুষ্ঠানের আয়োজন করেছে। সত্যজিৎ রায় ফিল্ম এন্ড টেলিভিশন ইনস্টিটিউট, আসানসোলের সিনে ক্লাব, বারাসাত চলচ্চিত্র প্রেমী সংগঠন ও গলফ গ্রীন সিনে ক্লাব আজ সন্ধ্যায় আলোচনা শেষে তাঁর চলচ্চিত্র প্রদর্শনের আয়োজন করেছে।

------------------------

কেন্দ্রীয় শিল্প ও বাণিজ্য মন্ত্রী পীযূষ গোয়েল বলেছেন, চার বছর আগে কার্যকর হওয়া ‘ভারত-সংযুক্ত আরব আমিরশাহী অর্থনৈতিক অংশীদারিত্ব চুক্তি’ (CEPA) ভারতীয় কৃষক, ক্ষুদ্র ও মাঝারি শিল্প এবং অন্যান্য ব্যবসার ক্ষেত্রে এক যুগান্তকারী সুযোগ তৈরি করেছে।

সামাজিক মাধ্যমের এক বার্তায় তিনি জানান, ভারত ও সংযুক্ত আরব আমিরাশাহীর মধ্যে দ্বিপাক্ষিক বাণিজ্য বৃদ্ধি পেয়ে ১০ হাজার কোটি বিলিয়ন ডলারের বেশি হয়েছে। মন্ত্রী বলেন, রত্ন ও অলঙ্কার, ইলেকট্রনিক্স এবং কৃষির মতো বাণিজ্যিক ক্ষেত্রগুলির প্রসার ঘটছে। সংযুক্ত আরব আমিরশাহী থেকে আসা সরাসরি

বিদেশী বিনিয়োগ (FDI) এবং ভারতের বৈদেশিক বিনিয়োগ দুই দেশের মধ্যে গভীর অর্থনৈতিক সম্পর্কের প্রতিফলন বলে মনে করেন শ্রী গোয়েল।

-----------------------

২০২৭ সালের আদমশুমারির আওতায় অন্ধ্রপ্রদেশ, অরুণাচল প্রদেশ, হরিয়ানা, মধ্যপ্রদেশ, ছত্তিশগড় এবং কেন্দ্রশাসিত অঞ্চল চণ্ডীগড়ে গতকাল থেকে হাউসলিস্টিং বা গৃহ তালিকাভুক্তির কাজ শুরু হয়েছে। এর আগে এই রাজ্য ও কেন্দ্রশাসিত অঞ্চলগুলোতে ১৫ দিনের 'সেলফ-এনুমারেশন' বা স্ব-গণনার সময়সীমা নির্ধারিত ছিল, যা বৃহস্পতিবার শেষ হয়েছে। কেন্দ্রীয় স্বরাষ্ট্র মন্ত্রক গতকাল জানিয়েছে, অন্ধ্রপ্রদেশ ও মধ্যপ্রদেশসহ যে রাজ্যগুলোতে তৃণমূল স্তরে কাজ শুরু হয়েছে, সেখানে আগামী ৩০শে মে পর্যন্ত প্রশিক্ষিত গণনাকারীরা বাড়ি বাড়ি গিয়ে তথ্য সংগ্রহ করবেন।

অন্যদিকে, গতকাল থেকে দিল্লি মিউনিসিপ্যাল কর্পোরেশন (MCD) এলাকা, রাজস্থান, মহারাষ্ট্র, মেঘালয় এবং ঝাড়খণ্ডে স্ব-গণনা বা সেলফ-এনুমারেশন প্রক্রিয়া শুরু হয়েছে। এই রাজ্যের বাসিন্দারা আগামী ১৫ই মে পর্যন্ত অনলাইনে নিজেদের তথ্য নথিভুক্ত করতে পারবেন। এই প্রক্রিয়া শেষ হওয়ার পর আগামী ১৬ই মে থেকে ১৪ই জুন পর্যন্ত ওই এলাকাগুলিতে গণনাকারীরা বাড়ি বাড়ি গিয়ে যাচাইয়ের কাজ চালাবেন।

প্রতিবেশী রাজ্য বিহারের ক্ষেত্রে গতকালই ১৫ দিনের স্ব-গণনার সময়সীমা শেষ হয়েছে। ফলে আজ থেকেই বিহারে সরাসরি তথ্য সংগ্রহের কাজ শুরু হয়েছে, যা চলবে আগামী ৩১শে মে পর্যন্ত।

------------------------

প্রাকৃতিক দুর্যোগ মোকাবিলা সংক্রান্ত জরুরি সতর্ক বার্তা নাগরিকদের কাছে পৌঁছে দিতে 'সেল ব্রডকাস্ট সিস্টেম' চালু করল ভারত সরকার। ইন্টারন্যাশনাল টেলিকমিউনিকেশন ইউনিয়ন-এর সুপারিশ অনুযায়ী এবং সি-ডট (C-DOT)-এর সহযোগিতায় তৈরি **সচেত নামের** ইন্টিগ্রেটেড অ্যালার্ট সিস্টেমটি ইতিমধ্যেই দেশের সমস্ত রাজ্য এবং কেন্দ্রশাসিত অঞ্চলে কার্যকর করা হয়েছে।

এই সিস্টেমটির পরীক্ষা করার উদ্দেশ্যে নির্দিষ্ট এলাকার মোবাইল গ্রাহকদের কাছে এসএমএস (SMS)-এর মাধ্যমে আজ মোবাইল ফোনে সাইরেন সহ দুর্যোগের সতর্ক বার্তা পাঠানো হয়। তবে নাগরিকরা যাতে চিন্তিত না হয় সেই কারণে কেন্দ্রীয় যোগাযোগ মন্ত্রী জ্যোতিরাদিত্য সিন্ধিয়া সামাজিক মাধ্যমের এক পোস্টে জানান, মোবাইলে এ ধরনের কোনো বার্তা আসে, তবে আতঙ্কিত হওয়ার কোনো প্রয়োজন নেই।পাশাপাশি তিনি বলেন, নাগরিকদের নিরাপত্তা আরও জোরদার করতে এবং দুর্যোগকালীন সময়ে দ্রুত তথ্য নিশ্চিত করার লক্ষ্যে এই উদ্যোগটি একটি অত্যন্ত গুরুত্বপূর্ণ পদক্ষেপ।

উল্লেখ্য টেলিকম বিভাগ এবং জাতীয় দুর্যোগ মোকাবিলা কর্তৃপক্ষ যৌথভাবে এই ব্যবস্থাটি তৈরি করেছে।

------------------------

লোকসভার অধ্যক্ষ ওম বিড়লা ২০২৬-২৭ সালের জন্য চারটি সংসদীয় কমিটি পুনর্গঠন করেছেন। লোকসভার বিজেপি সাংসদ ড. সঞ্জয় জয়সওয়ালকে নিম্নকক্ষের ৩০ জন সদস্য নিয়ে গঠিত 'এস্টিমেটস কমিটি'র সভাপতি হিসেবে নিযুক্ত করা হয়েছে এবং লোকসভার ১৫ জন এবং রাজ্যসভার ৭ জন সদস্য নিয়ে গঠিত রাষ্ট্রায়ত্ত

সংস্থাগুলির সংক্রান্ত 'কমিটি অন পাবলিক আন্ডারটেকিংস'-এর সভাপতি নিযুক্ত করা হয়েছে বিজেপি সাংসদ বৈজয়ন্ত পান্ডা-কে। এছাড়া লোকসভার কংগ্রেস সাংসদ কে. সি. ভেনুগোপালকে 'পাবলিক অ্যাকাউন্টস কমিটি'র সভাপতি হিসেবে নিয়োগ করেছেন অধ্যক্ষ ওম বিড়লা। এই কমিটিতে লোকসভার ১৫ জন এবং রাজ্যসভার ৭ জন সদস্য অন্তর্ভুক্ত রয়েছেন। অন্যদিকে, 'তপশিলি জাতি ও উপজাতি কল্যাণ কমিটি'র নেতৃত্বে থাকবেন লোকসভার বিজেপি সাংসদ ফাগ্গন সিং কুলস্তে। এই কমিটিতে লোকসভার ২০ জন এবং রাজ্যসভার ১০ জন সদস্য রয়েছেন।

উল্লেখ্য এমাসের ১ তারিখ থেকে আগামী বছরের ৩০ এপ্রিল পর্যন্ত এই কমিটিগুলোর মেয়াদ থাকবে।

------------------------

রাজ্যসভা সাংসদ সন্দীপ পাঠকের বিরুদ্ধে পাঞ্জাব পুলিশ জামিন অযোগ্য ধারায় এফআইআর দায়ের করেছে। পুলিশ সূত্রের খবর পাঞ্জাবের দুটি জেলায় দুটি এফআইআর দায়ের করা হয়েছে, তবে জেলা দুটির নাম এখনও আনুষ্ঠানিকভাবে জানানো হয়নি। উল্লেখ্য আম আদমি পার্টির আরও ৬ জন রাজ্যসভা সাংসদের সঙ্গে সম্প্রতি শ্রী পাঠক বিজেপিতে যোগ দেন, এরফলে পাঞ্জাবে নতুন করে রাজনৈতিক উত্তেজনার সৃষ্টি হয়েছে।

------------------------

রাষ্ট্রসংঘের নির্যাতন বিরোধী কমিটি United Nations Committee against Torture ২০২৩ সালের অবৈধ বিদেশী প্রত্যাবাসন পরিকল্পনার পরিপ্রেক্ষিতে শিশুসহ

আফগান শরণার্থীদের পাকিস্তান থেকে বিপুল সংখ্যায় নির্বাসনের ঘটনায় গভীর উদ্বেগ প্রকাশ করেছে।

নির্যাতন এবং অন্যান্য নিষ্ঠুর, অমানবিক বা অবমাননাকর আচরণ বা শাস্তি বিরোধী কনভেনশন বাস্তবায়নে পাকিস্তানের ভূমিকা পর্যালোচনা করে কমিটি রেজিস্টার্ড শরণার্থীসহ আফগান নাগরিকদের বিরুদ্ধে ব্যবহৃত জবরদস্তিমূলক পদক্ষেপের বিষয়টি চিহ্নিত করেছে। কমিটির পর্যবেক্ষণ , নিপীড়ন, নির্যাতন বা দুর্ব্যবহারের ঝুঁকি থাকা সত্ত্বেও তাদের আফগানিস্তানে ফিরতে বাধ্য করার লক্ষ্যেই এই পদক্ষেপগুলো নেওয়া হয়েছে।

------------------------

ভারতের আবহাওয়া দপ্তর (IMD) আজ আসাম, মেঘালয়, সিকিম এবং হিমালয় সংলগ্ন পশ্চিমবঙ্গে অতি ভারী বৃষ্টিপাতের পূর্বাভাস দিয়েছে। অরুণাচল প্রদেশ, মণিপুর, মিজোরাম, ত্রিপুরা, নাগাল্যান্ড, তামিলনাড়ু, পুদুচেরি, কারাইকাল, কেরল এবং মাহেতে ভারী বৃষ্টির পূর্বাভাস দিয়েছে।

জম্মু ও কাশ্মীর, পূর্ব রাজস্থান, মধ্যপ্রদেশ, বিহার, ছত্তিশগড়, ওড়িশা এবং অন্ধ্রপ্রদেশ উপকূলে বজ্র বিদ্যুৎসহ বৃষ্টিপাত এবং দমকা হাওয়ার সম্ভাবনা রয়েছে।

IMD আরও জানিয়েছে অন্ধ্রপ্রদেশ, কর্ণাটক এবং তামিলনাড়ুতে আজ উষ্ণ ও আর্দ্র আবহাওয়া থাকবে।

------------------------

ব্যাডমিন্টনে, ২০২৬ থমাস কাপের সেমিফাইনালে ভারতের পুরুষ দল আজ ডেনমার্কের হর্সেনসে ফ্রান্সের মুখোমুখি হবে। কোয়ার্টার ফাইনালে চীনা তাইপেকে ৩-০

ব্যবধানে হারিয়ে সেমিফাইনালে ওঠে তারা। প্রথম ম্যাচে, লক্ষ্য সেন ভারতের হয়ে বিশ্বের ৬ নম্বর খেলোয়াড় চৌ তিয়েন চেনকে ১৮-২১, ২২-২০, ২১-১৭ ব্যবধানে হারিয়ে দেন।

অন্য খেলায়, সাত্বিকসাইরাজ রাঙ্কিরেড্ডি ও চিরাগ শেট্টি জুটি চিউ শিয়াং চিহ এবং ওয়াং চি-লিনকে ২৩-২১, ১৯-২১, ২১-১২ গেমে হারিয়ে ব্যবধান আরও বাড়িয়ে দেন। এরপর, আয়ুশ শেঠি লিন চুন-ই-কে পরাজিত করলে ভারতের জয় নিশ্চিত হয়।

অন্যদিকে, পিভি সিন্ধুর নেতৃত্বে ভারতীয় নারী দল চীনের কাছে হেরে, উবার কাপ ২০২৬-এর গ্রুপ পর্ব থেকেই বিদায় নিয়েছে।

------------------------

ভারত আজ এ এফ সি অনূর্ধ্ব ১৭ মহিলাদের এশিয়ান কাপ ফুটবলে তাদের প্রথম ম্যাচে অস্ট্রেলিয়ার মুখোমুখি হবে। চীনের সুজৌতে খেলা শুরু হবে ভারতীয় সময় বিকেল পাঁচটায়। ২১ বছর পর ভারত মহিলাদের অনূর্ধ্ব ১৭ এশিয়ান কাপে খেলার যোগ্যতা অর্জন করেছে। ভারতের গ্রুপে অস্ট্রেলিয়া ছাড়া জাপান ও লেবানন রয়েছে।

ভারত ৫ ই মে জাপান, ৮ ই মে লেবাননের বিরুদ্ধে খেলবে।

------------------------ ------------------------